

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ২২, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-ও শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ফেব্রুয়ারি ১৪১০/২০শে সেপ্টেম্বর ২০০৩

এস, আর, ও নং ২৭৯-আইন/২০০৩—যেহেতু সরকার অতি বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও
নং ৩২৮-আইন/২০০২, তারিখ ২১শে নভেম্বর, ২০০২ ইংরেজী মোতাবেক ৭ই অক্টোবর, ১৪০৯
বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে কৃষ্ণিয়া জেলার খোকসা মিউনিসিপ্যালিটিভুক্ত করিয়া উহার
সীমানা সম্প্রসারণের উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities
Rules, 1978, অতঙ্গের উক্ত Rules বলিয়া উন্নিখ্যত, এর rule 3 এর বিধান মোতাবেক
উক্তরূপ সম্প্রসারণের প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও
আপত্তি আহ্বান করিবার জন্য কৃষ্ণিয়া জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে
সম্প্রসারণের পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনাত্ত্বে উক্ত Rules এর rule 4(2) এর অধীন উক্তরূপ
সম্প্রসারণের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(১০০৬৩)

মূল্যঃ টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section 4(b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার কৃষ্ণিয়া জেলার খোকসা উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ৩ৱা আশ্বিন, ১৪১০ বাংলা মোতাবেক ১৮ই সেপ্টেম্বর, ২০০৩ ইংরেজী তারিখ হইতে খোকসা মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত করিয়া উহার সীমানা সম্প্রসারণ করিল, যথা :—

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
(১)	খোকসা	খোকসা	৪৪	২২৮০—২৭৬৪
(২)	শোমশপুর	বিঃ মির্জাপুর	৪৬	৫২৬

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রফিল আমিন সরকার
উপ-সচিব (পৌর)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিল), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।